

PSC Miscellaneous Main Exam – Practice Set

Paper – II (Bengali) Answers with Explanation

1. (a) এতদিন জীবনটা কাটিল উপগ্রহের মতো। যাহাকে কেন্দ্র করিয়া ঘুরি, না পাইলাম তাহার কাছে আসিবার অধিকার, না পাইলাম দূরে যাইবার অনুমতি। অধীন নই, নিজেকে স্বাধীন বলারও জোর নাই। কাশীর ফেরৎ ট্রেনের মধ্যে বসিয়া বার বার করিয়া এই কথাটাই ভাবিতেছিলাম। **শ্রীচর্চা**
 - (b) বই ছাড়া শব্দের কথা বর্তমানে ভাবাই যায়না। কিন্তু পাঁচশো বছর আগেও খুব অল্প বই ছিল। সেগুলো হাতে লেখা হত। একটা বই তৈরি হতে অনেক বছর লাগত। সেগুলো এত দামী ছিল যে পাছে চুরি হয়ে যায় সেজন্য শিকল দিয়ে টেবিলের সঙ্গে বেঁধে রাখা হত।
 2. নিন্দার মাধ্যমেই ভালো কাজ পায় গৌরবজনক স্বীকৃতি। নিন্দকের সমালোচনার মাধ্যমেই ভুল-ত্রুটি সংশোধিত হয়। তাই নিন্দার কাছে হার মানলে গৌরবের জয়মাল্য কঠিন হয়ে পড়ে।
 3. সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে নাগরিক কনভেনশন **শ্রীচর্চা** বিশেষ সংবাদদাতা, তমলুক, ২৫ নভেম্বর, ২০২০: শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী ও বিশিষ্ট নাগরিকদের উপস্থিতিতে সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে এক নাগরিক কনভেনশন হয়ে গেল এখানকার টাউন হলে। অনুষ্ঠানে বিভিন্ন বক্তার বক্তব্য থেকে যা উঠে আসে তা মোটমুঠিভাবে হল: আমাদের ভারত সভ্যতার সূতিকাগার, বহু জাতি ও বহু সম্প্রদায়ভুক্ত মানুষের মিলনতীর্থ। ফলে ভারত-ইতিহাস হোক, কী ভারতীয় সভ্যতা হোক সবকিছুর মূলকথা হল ‘বিভেদের মধ্যে বৈচিত্র্যের ঐক্য’। কিন্তু আমাদের স্বভাবের লোক, হিংসা, পরমত অসহিষ্ণুতা আর মৌলবাদী সংকীর্ণ স্বাথচিত্তা থাকার জন্য আমরা মাঝে মাঝে ভুলে যাই ঐক্যমূলক আদর্শের কথা, বীভৎস সংঘর্ষে আর রক্তক্ষয়ী হানাহানিতে মেতে উঠি। মৌলবাদীদের স্বাথসিদ্ধির ফন্দিফিকিরে কিংবা উসকানিতে আমরা বোধবুদ্ধি ও বিবেচনা শক্তি হারিয়ে ভাইয়ের বিরুদ্ধে ভাই অস্ত্র ধরি। ভাইয়ের রক্তে ভাই হাত রাঙাই। আমরা একই ভারত মায়ের সন্তান। সে অর্থে তো আমরা ভাই-ভাই। **শ্রীচর্চা** পরাধীন ভারতের ইংরেজ সরকার বিভিন্ন সময়ে সাম্রাজ্যরক্ষার স্বার্থে হিন্দু-মুসলমানের ঐক্য-সম্প্রীতির মধ্যে ভরে দিয়েছিল বিবেদ ও সংঘাতের নোনা জল। আমরা স্বাধীন হয়েও সম্প্রদায়গত ভেদবুদ্ধি ও হানাহানি থেকে মুক্ত হতে পারিনি। অথচ বুদ্ধ চৈতন্য, নানক, কবির, রামকৃষ্ণ, বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী প্রমুখ
- মানবশ্রেমিকেরা আমাদের শুনিয়েছেন ধর্ম, বর্ণ ও সম্প্রদায়ভুক্ত নানা মানুষের সহাবস্থানের মহান আদর্শের কথা। পরিতাপের কথা, তা পরিণত হয়েছে ব্যর্থ পরিহাসে। **শ্রীচর্চা** আলোচনার এক ফাঁকে সমবেত কণ্ঠে গাওয়া হয় নজরুলের সাম্প্রদায়িক সম্প্রীতি বিষয়ক বিখ্যাত গান ‘মোরা একই বৃন্তে দুটি কুসুম হিন্দু-মুসলমান’। আলোচনার শেষদিকে আশা পোষণ করা হয়, ‘আমরা ভ্রাতৃসম্পর্কে আবদ্ধ থাকব। আমাদের ধর্মীয় অনুষ্ঠানে, উৎসবে, পার্বণে অবাধ অংশগ্রহণের উদারতা, পরধর্মকে মর্যাদা দেওয়ার মানসিকতা, বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ভুক্ত মানুষের মধ্যে পারস্পরিক যোগসূত্র ও সহযোগিতা আমাদের সংকীর্ণ সাম্প্রদায়িক ভেদবুদ্ধির অবসান ঘটাবে।’
4. **গোড়ায় গলদ (শুরুতেই গড়গোল)**— বাড়িটি তৈরি করার কয়েকদিন পর ভেঙে পড়ল কারণ বাড়িটিতে গোড়ায় গলদ ছিল। **উত্তম মধ্যম (খুব প্রহার)**— পিঠে উত্তম মধ্যম পড়ায় ছেলের চুরির সাধ চিরদিনের মতো শুচেছে। **শ্রীচর্চা** **ডুমুরের ফুল (দুর্লভ দৃশ্য)**— তুমি যে আজকাল ডুমুরের ফুল হয়েছে, বসন্তের অন্তেও তোমার টিকিটি দেখা যায় না। **আক্কেল সেলামি (বুদ্ধির দোষে দণ্ড)**— ব্যবসার কৌশল না জেনে ব্যবসা করতে গিয়ে তাকে বহু অর্থ আক্কেল সেলামি দিতে হয়েছে। **তাসের ঘর (ক্ষণস্থায়ী)**— হঠাৎ চাকরি যাওয়ায় তার সবকিছু যেন তাসের ঘরের মতো ধ্বংস হয়ে গেল।
 5. **বর্ধমান**— $\sqrt{\text{বুধ}} + \text{শানচ্} \rightarrow$ কৃত প্রত্যয়। **পূজারী**— পূজা আরী \rightarrow বাংলা কৃৎ প্রত্যয়। **কর্তব্য**— $\sqrt{\text{কৃ}} + \text{তব্য} \rightarrow$ কৃত প্রত্যয়। **তামাটে**— তামা + টিয়া (তামাটিয়া > তামাটে) \rightarrow বাংলা তদ্ধিত প্রত্যয়। **গাঙ্গেয়**— গঙ্গা + ঞ্য় \rightarrow তদ্ধিত প্রত্যয়। **শ্রীচর্চা**
 6. **উদীরণ** \rightarrow উদীরিত। **ঋষি** \rightarrow আর্ষ। **উদীচী** \rightarrow উদীচ্য। **ঋতু** \rightarrow আর্তব। **স্ত্রী** \rightarrow স্ত্রৈণ।